



**Bangladesh Madrasah Education Board, Dhaka.**  
**বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা**



নং- ৩৭.১৬.০০০০.০১.০০১.০১.০০১, ৬৩

তারিখ : ১৭/০২/২০১৮ খ্রি.

**বিষয় :** বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের চলমান দাখিল পরীক্ষা ২০১৮ এর পরবর্তী পরীক্ষাসমূহের জন্য প্রশ্নপত্র কেন্দ্রে প্রেরণ ও সেট কোড ব্যবহার সংক্রান্ত নির্দেশনা।

**সূত্র :** স্মারক নং আশিবো/প্রশা/২০১০/০৭, তারিখঃ ১৭.০২.২০১৮।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব কমিটির সিদ্ধান্ত অনুযায়ী আগামী ১৮/০২/২০১৮ তারিখ ও পরবর্তী তারিখসমূহে অনুষ্ঠিত পরীক্ষার দিনগুলোতে ট্রেজারী/থানা/ব্যাংক লকারে রক্ষিত প্রশ্নপত্রের সকল সেট (ক ও খ সেট এবং এমসিকিউ) পর্যাণ্ড নিরাপত্তা ও গোপনীয়তা নিশ্চিত করে পরীক্ষা শুরু এক ঘণ্টা পূর্বে কেন্দ্রে পৌছানোর ব্যবস্থা গ্রহণ করবেন এবং পরীক্ষা আরম্ভের ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে প্রশ্নপত্রের প্যাকেট খোলার নির্দেশনা প্রদান করবেন।

২। জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/ উপজেলা নির্বাহী কর্মকর্তার মোবাইল থেকে এসএমএস পাওয়ার পর সংশ্লিষ্ট কেন্দ্র সচিব নির্দিষ্ট দিনের নির্ধারিত সেট অনুযায়ী পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করবেন।

৩। জেলা প্রশাসক ও অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) এর দাপ্তরিক মোবাইল নম্বরে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান এর দাপ্তরিক মোবাইল (০১৭১৩-০০১২৩২) নম্বর থেকে নির্ধারিত সেট কোডের প্রশ্নপত্র ব্যবহারের নির্দেশনা সকাল ৯:০০ টার মধ্যে প্রেরণ করা হবে। চেয়ারম্যান এর ছুটিকালীন বোর্ডের রেজিস্ট্রার/পরীক্ষা নিয়ন্ত্রক এর দাপ্তরিক মোবাইল নম্বর (রেজিস্ট্রার : ০১৯১৬-৬৪০০৩৫/পরীক্ষা নিয়ন্ত্রক : ০১৮৮৫-৫৫৫৭৪৪) থেকে নির্ধারিত সেট কোডের এসএমএস প্রেরণ করা হবে।

৪। নির্ধারিত সেটে পরীক্ষা গ্রহণের পর কেন্দ্র সচিবগণ অব্যবহৃত প্রশ্নসেট পর্যাণ্ড নিরাপত্তা ও গোপনীয়তা নিশ্চিত করে সংরক্ষণ করবেন। পরীক্ষা শেষে কেন্দ্র সচিবগণ অব্যবহৃত মালামাল প্রেরণের সাথে অব্যবহৃত প্রশ্ন সেটগুলোও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে জমা প্রদান করবেন।

৫। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

জেলা প্রশাসক  
সকল জেলা।

(প্রফেসর এ,কে,এম ছায়েফ উল্যা)

চেয়ারম্যান

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ই-মেইল : [chairman@bmeb.gov.bd](mailto:chairman@bmeb.gov.bd)

ফোন : ০২ - ৫৮৬১০২১৬

নং- ৩৭.১৬.০০০০.০১.০০১.০১.০০১, ৬৩

তারিখ : ১৭/০২/২০১৮ খ্রি.

**সদয় অবতর্গি ও প্রয়োজনীয় কার্যার্থে :**

- (১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (২) অতিরিক্ত সচিব (মাদ্রাসা) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৩) পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- (৪) অফিস কপি।

(প্রফেসর এ,কে,এম ছায়েফ উল্যা)

চেয়ারম্যান

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

